অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বন্দুক আইন জোরদার করতে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত করতে ল্যান্ডমার্ক বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

সার্বিক দশ-বিলের প্যাকেজটি বাফেলো ও ইউভাল্ডির দুঃখজনক গুলির ঘটনায় প্রকাশ পাওয়া বন্দুক আইনের অতি গুরুত্বপূর্ণ লুপহোল বন্ধ করে

বিধিমালা S.9458/A.10503 একটি লাইসেন্স আবশ্যক করে 21 বছরের কম বয়সীদের জন্য সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয় নিষিদ্ধ করে

বিধিমালা S.9407-B/A.10497 বিশেষায়িত পেশায় নিযুক্ত থাকা ব্যতীত সকলের জন্য বডি আর্মার ক্রয় নিষিদ্ধ করে

বিধিমালা S.9113-A./A.10502 চরম ঝুঁকি সুরক্ষা আদেশ জারি করতে পৰ মানুষের তালিকা বিস্তৃত করে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য বিশেষায়িত পরিস্থিতির সেটের অধীনে ERPO জারি করা বাধ্যতামূলক করে

এছাড়াও প্যাকেজ অপরাধ প্রতিবেদন জোরদার করে; "অন্য বন্দুক" লুপহোল বন্ধ করে; নতুন সেমিঅটোম্যাটিক পিস্তলের মাইক্রোস্ট্যাম্পিং আবশ্যক করে; বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রকে আইনের আওতার বাইরে রাখা নির্মূল করে; সোশ্যাল মিডিয়া কোম্পানির জন্য ঘৃণাপূর্ণ বিষয়বস্তুর সাড়াদান ও রিপোর্ট করা উন্নত করা আবশ্যক করে।

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালার একটি ল্যান্ডমার্ক প্যাকেজে অবিলম্বে স্টেটের বন্দুক আইন জোরদার করবে, বাফেলো ও ইউভাল্ডির দুঃখজনক গুলির ঘটনায় প্রকাশ পাওয়া বন্দুক আইনের অতি গুরুত্বপূর্ণ লুপহোল বন্ধ করবে, এবং নিউ ইয়র্কবাসীকে বন্দুক সহিংসতার আঘাত থেকেই রক্ষা করবে যা এখনো আমাদের দেশকে সংক্রামিত করে যাচ্ছে এবং আমাদের সম্প্রদায়সমূহকে বিপদগ্রস্ত করছে। গভর্নর হোকল উত্তরপূর্ব ব্রঙ্কস YMCA-তে সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল হিস্টি, আইনসভার অংশীদারগণ, অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস এবং বন্দুক সহিংসতার শিকার ও ভুক্তভোগীদের নিয়ে বিলগুলিতে স্বাক্ষর করলেন।

"বন্দুক সহিংসতা একটি মহামারী যা আমাদের দেশকে ক্ষতবিক্ষত করছে। চিন্তা ও প্রার্থনা এটি ঠিক করবে না, কিন্তু দৃঢ় পদক্ষেপ করবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কে, আমরা আমাদের স্টেটের মানুষকে রক্ষা করতে সাহসী পদক্ষেপ নিচ্ছি। আমি এমন একটি সার্বিক বিলের প্যাকেজে স্বাক্ষর করতে পেরে গর্বিত যা 21 বছরের কম বয়সীদের কাছে সেমিঅটোম্যাটিক রাইফেল বিক্রয় নিষিদ্ধ করে, নির্বাচিত পেশার বাইরের মানুষের কাছে বডি আর্মার বিক্রি নিষিদ্ধ করে, বন্দুক আইনের অতি গুরুত্বপূর্ণ লুপহোল বন্ধ করে এবং বিপজ্জনক মানুষের কাছ থেকে বন্দুক দূরে রাখতে আমাদের রেড ফ্ল্যাগ আইন (Red Flag Law) জোরদার করে, এটি একটি নতুন ব্যবস্থা যা জীবন রক্ষা করবে বলে আমি বিশ্বাস করি। আমি সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, এবং আইনসভায় আমাদের সকল অংশীদারের প্রতি কৃতজ্ঞ দ্রুততা ও চিন্তাশীলতার সাথে কাজ করার জন্য, যা এই ব্যাপারে প্রয়োজন ছিলো। যখন আমরা নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় বন্দুক আইন উন্নত করতে ত্বরান্বিত পদক্ষেপ নিচ্ছি, আমরা জানি যে বন্দুক সহিংসতা একটি দেশব্যাপী সমস্যা। আমি আরেকবার কংগ্রেসকে তাগিদ দিচ্ছি আমাদের নেতৃত্ব অনুসরণ করে অর্থপূর্ণ বন্দুক সহিংসতা প্রতিরোধক ব্যবস্থা পাশ করতে অবিলম্বে পদক্ষেপ নেওয়ার জন্য। এর উপর জীবন নির্ভর করে।"

আমাদের দেশে বন্দুক সহিংসতার আঘাত করছে ব্যাপকভাবে উপলভ্য অবৈধ আগ্নেয়াস্ত্রের কারণে।" বছরের পর বছর ধরে আমাদের এলাকাগুলি অবৈধ বন্দুক এবং গোস্ট গান দ্বারা ভরে যাচ্ছে, পরিবার ও আইন মেনে চলা নাগরিকদের প্রতিনিয়ত অত্যাচার করছে, কিন্তু এখন পর্যন্ত জাতীয় সাড়াদানে কোনও পরিবর্তন আসেনি," **লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো বলেন।** "নিউ ইয়র্কে, আমরা সাধারণ বুদ্ধির বন্দুক নিরাপত্তা বিধিমালা পাশ করেছি এবং আরো বেশি শিশু এখন এর কারণে নিজেদের হাই স্কুল গ্র্যাজুয়েশন দেখতে পারবে। জীবন রক্ষার এই লড়াইয়ে, নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে।"

সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমাদের দেশ সহজলভ্য এবং হত্যা করতে ইচ্ছুক মানুষদের কাছে সহজলভ্য অস্ত্রের যুদ্ধে একটি হিসাবনিকাশের মুহূর্তে এসেছে পড়েছে"। এই অস্ত্রগুলি স্কুল, মুদি দোকান, উপাসনালয়, এবং কনসার্টের মতো সম্প্রদায়ের স্থানসমূহকে গণহত্যার স্থানে পরিণত করেছে।" নিউ ইয়র্ক এবং পুরো দেশের এই বিপর্যস্ত সময়ে, আমরা গভর্নর হোকল, স্পিকার হিস্টি, এবং ডেমোক্রেটিক আইনসভার (Democratic Legislature) সদস্যদের সাথে কাজ করেছি সামনে এগিয়ে গিয়ে একটি বার্তা প্রেরণ করার জন্য যে বন্দুক সহিংসতার এই পথটি মেনে নেওয়া হবে না এবং আমাদের সত্যিকারের পরিবর্তন প্রয়োজন।"

অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি বলেন, "অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠে (Assembly Majority) আমার সহকর্মীরা এবং আমি অনেক বছর ধরে নিরলসভাবে কাজ করেছি এই দেশকে অনেক দিন ধরে আক্রান্ত করে রাখা বন্দুক সহিংসতার আঘাত থেকে মুক্ত করার জন্য। মাত্র 10 দিনের মধ্যে দুইটি ভয়াবহ গুলির ঘটনা ইউভাল্ডি, টেক্সাসে এবং নিউ ইয়র্কের বাফেলোতে, ঠিক এখানে এমন স্থানে যেখানে তাদের নিরাপদ থাকা উচিত ছিলো, 31 জন নিরীহ মানুষের প্রাণহানি করেছে, যার মধ্যে শিশুও ছিলো। সিনেটে আমাদের সহকর্মীদের সাথে এবং গভর্নর হোকলের সাথে একত্রে মিলে আমরা নিউ ইয়র্কের বন্দুক আইনকে দেশের সবথেকে কঠোর করতে কাজ করেছি কারণ আমরা বিশ্বাস করি যে প্রত্যেক আমেরিকানের নিরাপদ বোধ করার অধিকার রয়েছে। আমি নিউ ইয়র্কে আমাদের প্রচেষ্টা নিয়ে গর্বিত, কিন্তু এই দেশের বন্দুক এবং

আক্রমণের অস্ত্র নিয়ে অসঙ্গত আকর্ষণের ব্যাপারে একটি গুরুতর কথোপকথন প্রয়োজন যাতে করে প্রত্যেক আমেরিকান বন্দুক সহিংসতা তাদের সম্প্রদায়কে বিপর্যস্ত করতে পারে এই ভয় ছাড়া বাঁচতে পারে।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, "আজকে, নিউ ইয়র্ক বন্দুক সহিংসতার মহামারীর বিরুদ্ধে লড়াই করতে দ্রুত, সার্বিক ব্যবস্থা নিচ্ছে, এই মহামারী প্রতিনিয়ত নিরীহ আমেরিকানদের প্রাণহানির কারণ হচ্ছে। পুরো দেশজুড়ে, লুপহোল, শিথিল আইন, এবং সরকারি কর্মকর্তাদের নিষ্ক্রিয়তা আমাদের সড়কে বন্দুকের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি করছে এবং আমাদের সম্প্রদায়সমূহকে বিপর্যস্ত করছে। বন্দুক আইনের এই নতুন প্যাকেজ নিয়ে, নিউ ইয়র্ক যুক্তিসঙ্গত বন্দুক আইন প্রয়োগে নেতৃত্বদান অব্যাহত রাখছে যা আমাদের মানুষকে নিরাপদ রাখবে, এবং আমি অন্য স্টেটগুলিকে তা অনুসরণ করার তাগিদ দিচ্ছি। চিন্তা ও প্রার্থনার সময় অনেক আগেই শেষ হয়ে গেছে, এখন ব্যবস্থা গ্রহণের সময়।"

বাফেলো সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর দুঃখজনক সন্ত্রাসী ঘটনার এক মাসের কম সময়ে আইন হিসেবে পাশ হওয়া এই সার্বিক দশ-বিলের প্যাকেজটি: লাইসেন্স আবশ্যক করে 21 বছরের কম বয়সীদের জন্য সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয় নিষিদ্ধ করবে; যোগ্য পেশায় নিযুক্ত নেই এমন মানুষের জন্য বডি আর্মার ক্রয় নিষিদ্ধ করবে; চরম ঝুঁকি সুরক্ষা আদেশ (Extreme Risk Protection Orders, ERPO) জারি করতে পৰ মানুষের তালিকা বিস্তৃত করে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য বিশেষায়িত পরিস্থিতির সেটের অধীনে ERPO জারি করা বাধ্যতামূলক করার মাধ্যমে রেড ফ্ল্যাগ আইন জোরদার করবে; একসাথে অনেক মানুষের ক্ষতি করার হুমকিকে অপরাধ বলে গণ্য করবে; সেমিঅটোম্যাটিক হাতবন্দুকের জন্য মাইক্রোস্ট্যাম্পিং বাধ্যতামূলক করবে; অপরাধে বন্দুক ব্যবহৃত হলে স্টেট, স্থানীয় এবং ফেডারেল এজেন্সিগুলির মধ্যে তথ্য আদানপ্রদান আবশ্যক করবে এবং বন্দুক ডিলারদের জন্য রেকর্ড রাখা ও নিজেদের ইনভেন্টরি নিরাপদ রাখার আবশ্যিকতা বৃদ্ধি করবে; আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা সংশোধন ও বিস্তৃত করে "অন্য বন্দুক" লুপহোল বন্ধ করবে; বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রকে আইনের আওতার বাইরে রাখা নির্মূল করবে; এবং সোশ্যাল মিডিয়া কোম্পানির জন্য ঘৃণাপূর্ণ বিষয়বস্তুর সাড়াদান ও রিপোর্ট করা উন্নত করা আবশ্যক করবে।

সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয়ের বয়স বৃদ্ধি করা

বিধিমালা S.9458/A.10503 একটি সেমিঅটোমেটিক রাইফেল ক্রয়ের পূর্বে ব্যক্তির লাইসেন্স নেওয়া আবশ্যক করে। ইতিমধ্যে বিদ্যমান নিউ ইয়র্ক স্টেটের আইনের অধীনে, একটি বন্দুক লাইসেন্স পাওয়ার জন্য একজন ব্যক্তিকে কমপক্ষে 21 বছর বয়সী হতে হবে।

বডি আর্মার নিষিদ্ধ করা

বিধিমালা S.9407-B/A.10497 যোগ্য পেশায় নিযুক্ত নেই এমন মানুষের জন্য বডি ভেস্ট ক্রয় ও বিক্রয়কে অবৈধ করে। উপযুক্ত পেশার মধ্যে রয়েছে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তা এবং অন্য এজেন্সির সাথে পরামর্শে স্টেট ডিপার্টমেন্ট (Department of State) দ্বারা আখ্যাপ্রাপ্ত অন্যান্য পেশা। এছাড়াও এটি যেকোনও বডি ভেস্ট সশরীরে উপস্থিত থেকে ক্রয় আবশ্যক করে।

রেড ফ্ল্যাগ আইন জোরদার করা

বিধিমালা S.9113-A/A.10502 একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ পিটিশন কে দায়ের করতে পারে তা সম্প্রসারণ করে সেখানে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অন্তর্ভুক্ত করে যারা কোনও ব্যাকটিকে গত ছয় মাস ধরে পরীক্ষা করেছে।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স করার প্রবিধান সংশোধন করে এটি নিশ্চিত করে যে সম্ভাব্য ক্ষতিকর ব্যক্তিকে একটি আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান করা হবে কিনা তা নির্ণয়ে মানসিক স্বাস্থ্য সেবাদানকারীর রিপোর্টকে বিবেচনা করা হবে।

এছাড়াও যদি কোনও পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বিশ্বাসযোগ্য তথ্য পায় যে একজন ব্যক্তি এমন কাজে লিপ্ত হবে যা দ্বারা নিজের বা অন্যের মারাত্মক ক্ষতি হতে পারে তাহলে তাদের জন্য একটি ERPO দায়ের করা এটি আবশ্যক করে।

স্টেট পুলিশ (State Police) ও মিউনিসিপ্যাল পুলিশ প্রশিক্ষণ পরিষদের (Municipal Police Training Council) জন্য এমন পলিসি ও প্রক্রিয়া তৈরি করা আবশ্যক করে যা কখন ERPO পিটিশন প্রয়োজন তা সনাক্ত করে।

মাইক্রোস্ট্যাম্পিং

বিধিমালা S.4116-A/A.7926-A ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (Division of Criminal Justice Services, DCJS) জন্য মাইক্রোস্ট্যাম্পিং সক্রিয় পিস্তল প্রযুক্তিগতভাবে কার্যকর কিনা তার প্রত্যয়ন বা প্রত্যয়নে অস্বীকার করা এবং যদি কার্যকর হিসেবে প্রত্যায়িত হয়, তাহলে এমন প্রযুক্তির বাস্তবায়নের কর্মসূচি ও প্রক্রিয়া স্থাপন করা; এবং মাইক্রোস্ট্যাম্পিং সক্রিয় করা ছাড়া আগ্নেয়াস্ত্রের অবৈধ বিক্রিকে একটি অপরাধ হিসেবে গণ্য করা আবশ্যক করে।

মাইক্রোস্ট্যাম্পিং একটি উদ্ভাবনী গোলাবারুদ সনাক্তকারী কৌশল যা প্রতিবার আগ্নেয়াস্ত্র ডিসচার্জ হওয়ার সময় বুলেট এবং কার্টিজ কেসকে একটি অনন্য আঙ্গুলের ছাপ দ্বারা চিহ্নিত করে। এর ফলে তদন্তকারীরা ঘটনাস্থলে পাওয়া বুলেট এবং কার্টিজকে একটি নির্দিষ্ট বন্দুক এবং অন্যান্য সম্ভাব্য অপরাধের সাথে সংযুক্ত করতে পারবে।

লুপহোল বন্ধ করা

বিধিমালা S.9456/A.10504 "আগ্নেয়াস্ত্রের" সংজ্ঞা সম্প্রসারণ করে যাতে দণ্ডবিধিতে (Penal Law) সংজ্ঞায়িত হয়নি এমন অস্ত্র অন্তর্ভুক্ত করা যায় যাকে একটি বিস্ফোরকের কাজ দ্বারা একটি প্রোজেক্টাইল নিক্ষেপ করার জন্য নকশা করা হয়েছে বা সহজেই এমনটিতে রূপান্তর করা যায়। এর উদ্দেশ্য হলো একটি আর্ম ব্রেস থেকে গুলি করতে পরিবর্তিত হইছে এমন আগ্নেয়াস্ত্র ধরতে পারা, যা আমাদের বর্তমান আগ্নেয়াস্ত্র বা রাইফেলের সংজ্ঞার অধীনে নেই।

বিধিমালা S.9229-A/A.10428-A সেফ অ্যাক্ট (Safe Act) প্রণয়ন বা 1994-র পূর্বে প্রস্তুতকৃত বড় ধারণক্ষমতার গুলি ভরার যন্ত্রের আইনের আওতার বাইরে থাকা নির্মূল করে।

বিধিমালা S.89-B/A.6716-A একসাথে অনেক মানুষের ক্ষতি করার হুমকিকে এবং আগ্রাসীভাবে একসাথে অনেক মানুষের ক্ষতি করাকে অপরাধ হিসেবে গণ্য করে।

তথ্য আদানপ্রদান উন্নত করা

বিধিমালা S.4970-A/A.1023-A আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য স্টেট ও ফেডারেল বন্দুক ডেটাবেজে আরো উন্নত রিপোর্ট করা আবশ্যক করে। এজেন্সিগুলির জন্য বাজেয়াপ্ত বা উদ্ধারকৃত বন্দুকের ব্যাপারে অপরাধ বন্দুক ক্লিয়ারিং হাউজে রিপোর্ট করা; অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক ব্যুরোর (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, ATF) সামগ্রিক ডেটা আদানপ্রদান কর্মসূচিতে অংশগ্রহণ করা; এবং জাতীয় অপরাধ তথ্য কেন্দ্রে বন্দুকের নির্মাণ, মডেল, ক্যালিবার, এবং সিরিয়াল নম্বর অন্তর্ভুক্ত করা আবশ্যক করে।

এছাড়াও আইনটি বন্দুক ডিলারদের জন্য একীকৃত নিরাপত্তা ও রিপোর্ট করার মানদণ্ড মেনে চলা আবশ্যক করে। এটি আঠারো বছরের কম বয়সী এবং পিতামাতার সাথে না আসা মানুষদের জন্য একজন বন্দুক ডিলারের স্থানের বিশেষ বিশেষ স্থান থেকে নিষিদ্ধ করে; সকল কর্মীদের আগ্নেয়াস্ত্র, রাইফেলে, এবং শটগান হস্তান্তর কাজ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান আবশ্যক করে যার মধ্যে সনাক্তকরণ ও অবৈধ ক্রয়ের সাড়াদান থাকবে। এছাড়াও এটি স্টেট পুলিশের জন্য তিন বছর পরপর বন্দুক ডিলারদের পরিদর্শন সম্পাদন করা আবশ্যক করে।

ঘৃণাপূর্ণ ও হুমকি দানকারী সোশ্যাল মিডিয়া বিষয়বস্তুর সাড়াদান ও রিপোর্ট করা উন্নত করা

বিধিমালা S.4511-A/A.7865-A নিউ ইয়র্কের সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কগুলির জন্য তারা কীভাবে তাদের প্ল্যাটফর্মের ঘৃণাপূর্ণ আচরণের ঘটনায় সাড়াদান করবে সে ব্যাপারে একটি স্পষ্ট এবং সংক্ষিপ্ত পলিসি থাকা এবং সেইসব প্লাটফর্মে ঘৃণাপূর্ণ আচরণ রিপোর্ট করার সহজে ব্যবহারযোগ্য ব্যবস্থা ধরে রাখা আবশ্যক করে।

বিধিমালা S.9465/A.10501 সোশ্যাল মিডিয়া এবং সহিংস চরমপন্থার উপর একটি নতুন টাস্কফোর্স (Task Force on Social Media and Violent Extremism) গঠন করে। অ্যাটর্নি জেনারেলের অফিসে (Office of the Attorney General) একটি নতুন সোশ্যাল মিডিয়া এবং সহিংস চরমপন্থা টাস্কফোর্স গঠন করে যাতে অনলাইনে সহিংস চরমপন্থা এবং অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রচার ও সহজ করার ক্ষেত্রে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলির ভূমিকা নিয়ে গবেষণা ও তদন্ত করা যায়।

নতুন আইনের বলিষ্ঠ এই সেটটি, যা তাৎক্ষণিক উন্নত সুরক্ষা প্রদানে নকশা করা হয়েছে এবং যা সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার কার্ল হিস্টির সাথে অংশীদারিত্বে তৈরি

ও অনুমোদিত হয়েছে, বাফেলো গুলিবর্ষণের ঠিক পর পর জারি করা দুইটি নির্বাহী আদেশের ভিত্তিতে গঠিত হয়েছে।

প্রথম নির্বাহী আদেশটি তৈরি করা হয়েছে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ ও সহিংসতা চরমপন্থী ঘটনার উদ্বেগজনক বৃদ্ধির সাথে লড়াই করতে যা প্রায়শ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ও ইন্টারনেট ফোরাম দ্বারা অনুপ্রাণিত, বা সেখানে পরিকল্পিত ও পোস্ট করা হয়। নির্বাহী আদেশটি হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনকে (Division of Homeland Security and Emergency Services) এর সন্ত্রাসবাদ বিরোধী অফিসের (Office of Counter Terrorism) অধীনে একটি নতুন ইউনিট স্থাপন করতে আহ্বান করে, যা শুধু অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধে নিবেদিত থাকবে। নতুন ইউনিটটি ঝুঁকি যাচাই ব্যবস্থাপনা, স্থানীয়দের তাদের নিজস্ব ঝুঁকি যাচাই ব্যবস্থাপনা দল গঠন ও পরিচালনার জন্য এবং মৌলবাদ সৃষ্টির প্রক্রিয়ায় বাধাদানে সোশ্যাল মিডিয়ার ব্যবহারের জন্য তহবিল বিতরণ করবে। এছাড়াও এটি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের, মানসিক স্বাস্থ্য পেশাদার এবং স্কুল কর্মকর্তাদের অভ্যন্তরীণ ও স্ববিকশিত সহিংস চরমপন্থী কার্যকলাপ ও মৌলবাদের বৃদ্ধির ব্যাপারে শিক্ষিত করে এবং একইসাথে মৌলবাদ সৃষ্টির প্রক্রিয়া সনাক্ত ও সেখানে হস্তক্ষেপের সেরা অনুশীলন তৈরি করে।

এছাড়া নির্বাহী আদেশ নিউ ইয়র্ক স্টেট পুলিশকে নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারের অধীনে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভ্যন্তরীণ সহিংস চরমপন্থী কার্যকলাপ খুঁজে বের করতে একটি নিবেদিত ইউনিট স্থাপন করতে আহ্বান করে। ইউনিটটি সোশ্যাল মিডিয়া বিশ্লেষণের মাধ্যমে সূত্রের তদন্ত বিকাশ করবে, যার বিশেষ মনোযোগ থাকবে সম্ভাব্য হুমকি এবং মৌলবাদ ও সহিংস চরমপন্থী মনোভাব দ্বারা অনুপ্রাণিত ব্যক্তিদের সনাক্ত করা। পরিশেষে, নির্বাহী আদেশ প্রত্যেক কাউন্টিকে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ মোকাবেলায় তাদের বর্তমান কৌশল, পলিসি এবং পদ্ধতির একটি সামগ্রিক পর্যালোচনা করতে আহ্বান করে।
দ্বিতীয় নির্বাহী আদেশটি যখনই কোনও ব্যক্তি নিজের বা অন্যের জন্য সম্ভাব্য ক্ষতির কারণ হয়ে উঠতে পারে বলে মনে হবে তখন নিউ ইয়র্ক স্টেটে রেড ফ্ল্যাগ আইনের অধীনে একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ ফাইল করা স্টেট পুলিশের জন্য আবশ্যক করে।

এছাড়াও গভর্নর হোকল নির্বাহী আইন সেকশন 63(8) এর অধীনে অ্যাটর্নি জেনারেলের অফিসে একটি রেফারেল ইস্যু করেছেন, সহিংসতার সম্প্রচার, প্রচার এবং সহজ করতে, ঘৃণা বিস্তারে এবং প্রতিস্থাপন তত্ত্ব বৈধকরণে বাফেলো গুলিবর্ষণের সন্দেহভাজনের ব্যবহৃত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসমূহ নিয়ে তদন্ত ও গবেষণা করার জন্য। এই তদন্তে যা পাওয়া যাবে তা ঘৃণা ও সহিংসতা চরমপন্থী কার্যকলাপের সাথে লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেটের কৌশল উন্নত ও অগ্রসর করতে ব্যবহার করা হবে।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের কমিশনার রোজানা রোসাডো বলেন,
"বাফেলোর ভয়াবহ গণ গুলিবর্ষণের ঘটনা নিউ ইয়র্ককে বদলে দিয়েছে। এটি একটি সম্প্রদায়কে ক্ষতবিক্ষত করেছে এবং ঘৃণাতাড়িত চরমপন্থার সামনে আমাদের দুর্বলতাকে প্রকাশ করেছে। যখন আমরা সর্বাধিক ক্ষতিগ্রস্তদের কথা শুনছি এবং তাদের নিরাময়ে সমর্থন করছি, তখন আমাদেরকে অবশ্যই এমন পদক্ষেপ নিতে হবে যাতে এই ঘটনা আর না ঘটে। আজকে গভর্নর হোকল যেই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করছেন সেগুলির মাধ্যমে, নিউ ইয়র্ক ঘৃণা,

চরমপন্থা, এবং বন্দুক সহিংসতার মারাত্মক প্রতিচ্ছেদের মোকাবেলা করছে। আমরা গভর্নর হোকলকে নিউ ইয়র্কবাসীর সুরক্ষায় তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং এইসব আইন বাস্তবায়ন করতে, আমাদের দেশের শীর্ষস্থানীয় বন্দুক সহিংসতা প্রতিরোধকারী পলিসি ও কর্মসূচি আরো অগ্রসর করতে স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে যাওয়ার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি ব্যাসেট বলেন, "সাম্প্রতিক ঘটনাসমূহ আরেকবার দেখিয়ে দিয়েছে যে আমাদের সম্প্রদায়সমূহকে আক্রান্ত করে রাখা এবং প্রতিদিন প্রাণনাশ করা বন্দুক সহিংসতার সমাধানে আইনি ও পলিসি পন্থা গ্রহণ করা প্রয়োজন। জনস্বাস্থ্য ব্যবস্থায় প্রতিরোধই কেন্দ্রীয় পন্থা। আমি দেশের জন্য উদাহরণ হয়ে থাকবে এবং নিউ ইয়র্কবাসীদের আরো নিরাপদ করবে এবং জীবন রক্ষা করবে এমন বিলের গুচ্ছকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নরের নেতৃত্বের প্রশংসা করছি। এটি একটি জনস্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপ।"

স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "আমাদের সড়ক থেকে অবৈধ বন্দুক অপসারণ করা এখনো একটি শীর্ষ অগ্রাধিকার এবং আমরা তথ্য, কৌশল, ও কার্যপদ্ধতি আদানপ্রদান করার জন্য অন্যান্য স্থানীয়, স্টেট, এবং ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির সাথে অংশীদারিত্ব করে যাচ্ছি। আমরা এই কাজে গভর্নর এবং আইনসভার প্রতিশ্রুতি ও সমর্থনের এবং সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপত্তা ও সুরক্ষা প্রদানে আমাদের মিলিত লক্ষ্যের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসের (New York State Office of Gun Violence Prevention) পরিচালক কালিয়ানা এস. টমাস বলেন, "আমি গভর্নর হোকলকে এবং আমাদের আইনসভার অংশীদারদেরকে এই সার্বিক দশ-বিলের প্যাকেজের জন্য ধন্যবাদ জানাচ্ছি, যা বন্দুক আইন জোরদার করবে এবং এর গুরুত্বপূর্ণ লুপহোল বন্ধ করবে। আমরা স্টেটব্যাপী বন্দুক সহিংসতা বন্ধ করার জন্য সমাধান সৃষ্টিতে বহুমুখী পন্থা অবলম্বন করতে থাকবো যার মধ্যে থাকবে জনস্বাস্থ্য, পলিসি, এবং সম্প্রদায়ভিত্তিক পন্থা, এবং আমরা নিউ ইয়র্ক স্টেটের বাইরের সবাইকেও দেশব্যাপী সমস্যা হয়ে উঠা বন্দুক সহিংসতা সমাধানে একই তাগিদ দিয়ে কাজ করার তাগাদা দিচ্ছি।"

হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আজকে, গভর্নর হোকলের অধীনে নিউ ইয়র্ক স্টেট আমাদের বন্দুক আইন জোরদার করতে এবং আমাদের নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা ও সুরক্ষা বৃদ্ধি করতে দ্রুত ও সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণ করেছে। নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার অর্থ হলো আমাদেরকে ভুল হাতে যুদ্ধের অস্ত্র যাওয়া ঠেকাতে আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে হবে। গভর্নর হোকল ঠিক তাই করছেন।"

মানবাধিকার ডিভিশনের (Division of Human Rights) কমিশনার মারিয়া ইম্পেরিয়াল বলেন, "ঘৃণা বক্তব্য চলতে দিতে থাকলে তার ফলাফল বিষাদময় ও মারাত্মক হতে পারে। এই ব্যবস্থাগুলি ঘৃণাভিত্তিক সহিংসতার সাথে লড়াইয়ে একটি গুরুত্বপূর্ণ ধাপ এবং আমি সামনে থেকে এই সঙ্কট মোকাবেলা করার জন্য গভর্নর হোকল ও তার নেতৃত্বের প্রশংসা করছি।"

ভিকটিম সার্ভিসেস অফিসের (Office of Victim Services, OVS) পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলনে, "ভিকটিম অ্যাডভোকেটরা প্রতিদিন বন্দুক সহিংসতার বিপর্যয় সৃষ্টিকারী প্রভাব দেখতে পায়, তারা পুনরুদ্ধার ও অগ্রসর হওয়ার জন্য সেই ব্যক্তি ও পরিবারের প্রয়োজনীয় সকল সমর্থন ও সেবা প্রদান নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে। এই কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু আমাদেরকে মহামারীর সাড়াদানের বাইরে গিয়েও কাজ করতে হবে। আমি সকল নিউ ইয়র্কবাসীর সুরক্ষা জোরদার করতে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেট সিনেটর জামাল বেইলি বলেন, "আমরা ব্যবস্থা গ্রহণের জন্য পরবর্তী বাফেলো বা ইউভাল্ডির অপেক্ষা করতে পারি না। বিধিমালার এই প্যাকেজ নিয়ে, নিউ ইয়র্ক অর্থপূর্ণভাবে বন্দুক সহিংসতার আঘাত সমাধান করতে আমাদের বন্দুক আইন জোরদার করার ক্ষেত্রে দেশের নেতৃত্ব দিচ্ছে। আমরা বিলটি নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিসের অধিক একটি নিবেদিত টাস্ক ফোর্স গঠন করবে যারা সহিংস চরমপন্থার প্রচারে সোশ্যাল মিডিয়ার ভূমিকা এবং অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের ঘটনার পরিকল্পনা ও বাস্তবায়নে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের ব্যবহার তদন্ত করবে। আমার সহকর্মীদের বিলগুলির সাথে একত্রে, যেগুলি একটি সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয়ের জন্য অনুমতি আবশ্যক করে এবং বয়স বৃদ্ধি করে, বন্দুক ও গুলি বিক্রির জন্য ব্যাকগ্রাউন্ড চেক জোরদার করে, ঘৃণাপূর্ণ সোশ্যাল মিডিয়া রিপোর্ট করা উন্নত করে, বিধিমালার এই প্যাকেজটি জীবন রক্ষা করবে এবং ভবিষ্যতে দুঃখজনক ঘটনা প্রতিরোধ করবে। বন্দুক সহিংসতা সামাল দিতে আমাদের স্টেটের ইতিহাসের সর্বাধিক বলিষ্ঠ বিলের প্যাকেজকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে, সঙ্কটের এই মুহূর্তে সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল হিস্টি, এবং উভয় হাউজে আমার সহকর্মীদের নেতৃত্বের জন্য ধন্যবাদ।"

স্টেট সিনেটর ব্র্যাড হোলিম্যান বলেন, "নিউ ইয়র্কে বন্দুক সহিংসতা প্রতিরোধে আমাদেরকে আমাদের পক্ষে সম্ভব সব কিছু করতে হবে। আমরা বাফেলোতে একজন শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর হাতে প্রাণ হারানো 10 জন, টেক্সাসে 19 জন শিশু, এবং প্রতি বছর বন্দুক সহিংসতায় প্রাণ হারানো শত শত নিউ ইয়র্কবাসীর স্মৃতির প্রতি সম্মান জানাচ্ছি বন্দুক নিরাপত্তা বিলের এই প্যাকেজটি দ্বারা। আজকে গভর্নর হোকল কর্তৃক স্বাক্ষরকৃত দুইটি বিলের স্পন্সর করতে পেরে আমি গর্বিত ও বিনীত, যার মধ্যে রয়েছে মাইক্রোস্ট্যাম্পিং আইন (S.4116A/A.7926) এবং বড় ধারণক্ষমতার ম্যাগাজিন ব্যবহৃত হওয়ার ক্ষেত্রে মামলা প্রসিকিউট সহজ করা বিল (S.9229A/A.10428A)। এই বিলগুলির পক্ষে কাজ করার জন্য এবং দ্রুত স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি, বন্দুক নিরাপত্তাকে অগ্রাধিকার করার জন্য সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিনসের প্রতি, এবং আমরা যেইসব বন্দুক সহিংসতা বিরোধী সংগঠনের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি, যেমন নিউ ইয়র্কার্স এগেইনস্ট গান ভায়োলেন্স (New Yorkers Against Gun Violence), এভরিটাউন (Everytown), মমস ডিমান্ড অ্যাকশন (Moms Demand Action), ব্র্যাডি (Brady), জিফোর্ডস (Giffords) এবং কোয়ালিশন টু স্টপ গান ভায়োলেন্সের (Coalition to Stop Gun Violence) প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা রইলো।"

স্টেট সিনেটর টড কামিনস্কি বলেন, "এক সাথে অনেক জনগণকে ক্ষতি করার হুমকি যারা দেয় তাদের দায়বদ্ধ করতে হবে। আমাদের স্টেটের কোর্টগুলি যারা আমাদের স্কুল, সিনাগগ এবং ব্যবসার বিরুদ্ধে মারাত্মক হুমকি প্রদান করে তাদের প্রসিকিউশন ব্লক করে রেখেছে, তাই এই লুপহোল বন্ধ করা দরকার। এই বিধিমালায় স্বাক্ষর করার মাধ্যমে, আমরা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের তাদের সকল আইনের আওতায় প্রসিকিউট করার ক্ষমতা দিচ্ছি যারা এমন হুমকি প্রদান করে। এটি আমাদের সন্তান ও আমাদের প্রতিবেশীদের দাবি। এই ব্যাপারে তাদের কাজের জন্য গভর্নর হোকল এবং অ্যাসেম্বলি সদস্য ওয়ালেসকে ধন্যবাদ।"

স্টেট সিনেটর আনা এম. কাপলান বলেন, "বর্ণবাদী অভ্যন্তরীণ সন্ত্রাসী যে বাফেলো সুপারমার্কেটে 10 জন নিরীহ কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীকে হত্যা করেছে, সেই অনলাইনে এমন একটি পরিবেশে মৌলবাদী ধারণা পেয়েছে যেখানে ঘৃণা বক্তব্যকে উৎসাহ প্রদান করা হতো এবং যেখানে ভালো বিবেকসম্পন্ন মানুষের জন্য সেখানে যা হচ্ছে সে ব্যাপারে সতর্কতা জানানোর খুব কমই সুযোগ ছিলো। আমরা সকলেই এই কথাটি জানি যে "যদি আপনি কিছু দেখেন, তাহলে বলুন", কিন্তু দুর্ভাগ্যবশত, অনেক সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম অনলাইনে বিপজ্জনক বা ক্ষতিকর কিছু দেখলে সেই ব্যাপারে কথা বলা অসম্ভব করে রেখেছে। আমার বিধিমালাটি সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের সকলের জন্য ভার্চুয়াল স্থান আরো নিরাপদ রাখতে দিবে, স্পষ্ট এবং সংগত রিপোর্ট করার ব্যবস্থা প্রদান করে যাতে ঘৃণা বক্তব্য চিহ্নিত করা যায়, এবং যেহেতু আমাদের চারপাশে ঘৃণার মারাত্মক ফল প্রতিদিন আরো খারাপ হয়ে যাচ্ছে, তাই আমাদেরকে অনতিবিলম্বে পদক্ষেপ নিতে হবে। আমি এই বিধিমালা এবং সেই সাথে গত সপ্তাহে আমরা যেই বন্দুক নিরাপত্তা প্যাকেজ পাশ করেছি তার সম্পূর্ণটিতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ, এবং আমি এই বিলে অ্যাসেম্বলিওম্যান প্যাট্রিশিয়া ফাহির সাথে আমার অংশীদারিত্ব নিয়ে কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর ব্রায়ান ক্যাভানা বলেন, "আমরা কখনোই আমাদের দেশ থেকে বাফেলো ও ইউভাল্ডির ভয়াবহ গুলিবর্ষণের মতো নৃশংসতা, বা আমাদের সম্প্রদায়সমূহকে আক্রান্ত করে রাখা প্রতিদিনের বন্দুক সহিংসতা সম্পূর্ণরূপে দূর করতে পারবো না যতদিন না বন্দুক শিল্প এবং অনেক স্টেটের কংগ্রেসে তাদের পক্ষের লোকেরা দায়িত্বশীল ভাবে কাজ করে এবং এই সহিংসতা বন্ধকারী আইন প্রতিরোধ করা বন্ধ না করে। কিন্তু গত এক দশকে আমাদের গৃহীত পদক্ষেপ এবং গভর্নর ক্যাথি হোকল আজকে যেই আইনগুলি স্বাক্ষর করলেন, তা প্রদর্শন করে যে আমরা বন্দুক সহিংসতার আঘাত থেকে নিউ ইয়র্ককে সুরক্ষিত করতে ইচ্ছুক ও সক্ষম। আমি গভর্নর হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, এবং স্পিকার কার্ল হিস্টিকে তাদের নেতৃত্বের জন্য, নির্বাহী চেম্বারে এবং আইনসভায় আমার সহকর্মীদের এবং বহু অ্যাডভোকেট, ভুক্তভোগী, আইন শৃঙ্খলা রক্ষাকারী পেশাদার, এবং বন্দুক সহিংসতা প্রতিরোধ বিশেষজ্ঞদের ধন্যবাদ জানাচ্ছি, যারা কী করতে হবে সেই ব্যাপারে আমাদের উপলব্ধিকে আকার দান করতে সাহায্য করেছে।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "যখন ওয়াশিংটন পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হয়ে যাচ্ছে, নিউ ইয়র্ক সামনে থেকে নেতৃত্ব দিচ্ছে," বলেন স্টেট সিনেটর টিম কেনেডি। "বাফেলো সিটির সর্বাধিক অন্ধকার দিনগুলির একটি এই পরিবর্তনের কারণ, এবং আমরা ভবিষ্যতের দুঃখজনক ঘটনা প্রতিরোধ করবে ও জীবন রক্ষা করবে এমন সত্যিকারের এবং উল্লেখযোগ্য সংশোধন

কার্যকর করে যাদের আমরা হারিয়েছি তাদের হয়ে কথা বলছি। যদিও আমাদের কাছ শেষ হতে এখনো অনেক বাকি, আমি গর্বিত যে আইনসভা এই ব্যাপারে দ্রুত একত্রিত হতে পেরেছে এবং আমি গভর্নর হোকলের নেতৃত্ব ও এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেট সিনেটর শন রায়ান বলেন, "বাফেলো সম্প্রদায় শোক পালন করে যাচ্ছে, এবং আমাদেরটির মতো কয়েক ডজন সম্প্রদায় গণ গুলিবর্ষণের ঘটনায় নিরীহ প্রাণ হারিয়েছে। এটি অনেক দিন ধরেই স্পষ্ট যে আমাদের দেশকে এইসব আক্রমণ বন্ধ করতে সাহসী পদক্ষেপ নিতে হবে, শ্বেতাঙ্গ আধিপত্যবাদের এবং ঘৃণাপূর্ণ আদর্শের মোকাবেলা করতে হবে, এবং জীবন রক্ষা করতে সম্ভাব্য সকল কিছু করতে হবে। আমরা যখন ফেডারেল সরকারের পদক্ষেপের অপেক্ষায় রয়েছি, তখন স্টেটগুলির দায়িত্ব পৃথকভাবে নিজেদের কাজটি করা। এখানে, নিউ ইয়র্কে, আমরা বাফেলো এবং টেক্সাসের ইউভাল্ডিতে কী ঘটেছে তা কাছ থেকে দেখেছি এবং এমন সাধারণ বুদ্ধির সংশোধন তৈরি করেছি যা একটি পরিবর্তন নিয়ে আসবে এবং ভবিষ্যতে এমন দুঃখজনক ঘটনা প্রতিরোধ করবে।"

স্টেট সিনেটর লুইস সেপুভেলদা বলেন, "আমি গর্বিত যে গভর্নর ক্যাথি হোকল আমার বিল S9456 কে আইন হিসেবে স্বাক্ষর করেছেন, যা "গোস্ট গান" অন্তর্ভুক্ত করার জন্য আগ্নেয়াস্ত্রের সংজ্ঞাকে পরিবর্তন করে। গোস্ট গান, দ্ব্যর্থহীনভাবে, আমাদের সম্প্রদায়সমূহকে আক্রান্ত করা বন্দুক সহিংসতার বৃদ্ধির একটি বড় উপাদান। আইনটি জননিরাপত্তা নিশ্চিত করতে আমাদের লড়াইয়ে একটি অতীন্দ্রিয় ধাপ। গভর্নর হোকল পুরো স্টেট এবং বাকি দেশকে একটি স্পষ্ট বার্তা প্রেরণের স্থান হিসেবে ব্রঙ্কসকে নির্বাচিত করেছেন; আমরা আমাদের সম্প্রদায়সমূহের শান্তি ও প্রশান্তির জন্য কোনও কাজ না করে অলসভাবে বসে থাকবো না। আজকে, আমরা লাখ লাখ মানুষকে আশা প্রদান করছি এবং প্রমাণ করছি যে শান্তিতে বাস করার জন্য আমাদের সম্প্রদায়সমূহের যেই হাতিয়ার তাদের প্রয়োজন ও যেই সুরক্ষা তাদের অধিকার, একত্রে কাজ করলে তা প্রদান করা আমাদের পক্ষে সম্ভব।"

স্টেট সিনেটর জেমস স্কোফিস বলেন, "আমাদের বন্দুক নিরাপত্তা প্যাকেজ বাফেলো, ইউভাল্ডি, এবং অগণিত সহিংস দুঃখজনক ঘটনার পরবর্তীতে শিঙ্গাধ্বনির মতো বার্তা প্রেরণ করে যে: নিউ ইয়র্ক আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে যা প্রয়োজন সব করবে। আমার স্পন্সর করা 'রেড ফ্ল্যাগ' বিলটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের চরম ঝুঁকির সুরক্ষা আদেশ জারি করতে দেয় যাতে বিপজ্জনক মানুষের হাত থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখা যায়। আমি এটি এবং আমাদের পরিবার ও সম্প্রদায়কে নিরাপদ রাখতে অন্য সকল মুখ্য পদক্ষেপে স্বাক্ষর করার জন্য গভর্নরের প্রশংসা করছি।"

স্টেট সিনেটর কেভিন টমাস বলেন, "ফেডারেল সরকার যখন অলস বসে আছে, নিউ ইয়র্ক স্টেট তখন আরেকবার সামনে থেকে নেতৃত্ব দিচ্ছে এবং আমাদের বাসিন্দাদের বন্দুক সহিংসতা থেকে রাখা করতে ব্যবস্থা গ্রহণ করছে। বাফেলো এবং ইউভাল্ডির দুঃখজনক ঘটনাগুলি দেখিয়েছে যে গণ গুলিবর্ষণ ও তরুণদের সেমিঅটোম্যাটিক অস্ত্র পাওয়ার অবাধ সুযোগের মধ্যে একটি সম্পর্ক রয়েছে। আমি S.9458 এর প্রধান স্পন্সর হতে পেরে গর্বিত, যা সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয়ের বয়স কার্যকরভাবে 18 থেকে বাড়িয়ে 21 করবে। নিউ ইয়র্ক কঠোর সাধারণ

বুদ্ধির বন্দুক আইন বাস্তবায়নে নেতৃত্বদান করে চলেছে। আমি এই জীবনরক্ষাকারী বিধিমালার প্যাকেজকে আজকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, যা পুরো নিউ ইয়র্কে সম্প্রদায়সমূহের নিরাপদ থাকা নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য কেনি বার্গোস বলেন, "বন্দুক সহিংসতা একটি জাতীয় মহামারী এবং আমাদের সম্প্রদায়সমূহের জন্য প্লেগের মতন। এবং যখন বন্দুকের নলের সামনে একটি নিরীহ প্রাণহানি হয়, তখন তা আমাদের সরকার ও আমাদের মানবতার ব্যর্থতা। সেই জন্য আমি দেশের সর্বাধিক সার্বিক বন্দুক নিরাপত্তা সংশোধনের প্যাকেজ পাশ করতে আমার আইনসভার সহকর্মী এবং গভর্নরের নিরলস কাজ দেখে মুগ্ধ হয়েছি। এর মধ্যে রয়েছে আমার নিজের বিল যা একটি বিপজ্জনক লুপহোল বন্ধ করে এবং বন্দুক শিল্পের বিরক্তিকরভাবে উদ্ভাবনী মেধার সাথে তাল মেলানোর জন্য আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা সম্প্রসারণ করে। নিউ ইয়র্ক আমাদের দেশের ইতিহাসের এই কষ্টকর সময়ে অগ্রসর হয়েছে এবং আমি কংগ্রেসকে একই কাজ করার জন্য আমার আহ্বানটির পুনরাবৃত্তি করছি।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিক বার্ক বলেন, "একজন পিতা হিসেবে আমি জানি যে শিশুদের স্কুলে পাঠাতে পিতামাতারা কী ভয়ভীতির মধ্যে দিয়ে যাচ্ছে। "দিনটি ভালো কাটুক" আলিঙ্গনগুলি একটু দীর্ঘই হচ্ছে। আমাদের ফেডারেল পর্যায়ে সাধারণ বুদ্ধির বন্দুক সংশোধন প্রয়োজন কিন্তু নিউ ইয়র্কবাসীরা নিশ্চিন্ত থাকতে পারে যে তাদের আইনসভার সংখ্যাগরিষ্ঠরা এবং তাদের গভর্নর তাদের ও তাদের পরিবারকে বন্দুক সহিংসতা থেকে রক্ষা করার জন্য নিজেকে সাধ্যের মধ্যে সবকিছু করবে।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন কাহিল বলেন, "যখন কোনও ব্যক্তি সঙ্কটে থাকে, তখন তা সঙ্কট করা ও তাদের সাহায্য করার সেরা মানুষ হলেন আমাদের মানসিক স্বাস্থ্য পেশাদারগণ।রেড ফ্ল্যাগ আইন জোরদার করার মাধ্যমে এবং চরম ঝুঁকির সুরক্ষা আদেশ জারি করার ক্ষমতা বিস্তৃত করার মাধ্যমে, আমরা এটি নিশ্চিত করতে সাহায্য করবো যে যারা নিজেদের বা আমাদের সম্প্রদায়ের জন্য তাৎক্ষণিক বিপদের কারণ হতে পারে তারা যাতে ছায়ায় লুকিয়ে না থাকতে হয় এবং তাদের প্রয়োজনীয় মনোযোগ ও চিকিৎসা পেতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম কনর্যাড বলেন, "আমেরিকান হিসেবে আমরা অবশ্যই আমাদের সেকেন্ড অ্যামেন্ডমেন্ট অধিকার বজায় রাখতে পারবো এবং একই সাথে বন্দুক অপরাধের বিরুদ্ধে অতি গুরুত্বপূর্ণ সুরক্ষা নিশ্চিত করতে পারবো। রেড ফ্ল্যাগ আইনের প্রতি পুনরায় প্রতিশ্রুতি গ্রহণ, সেমিঅটোম্যাটিক অস্ত্রের মালিকানা ও ব্যবহার নিয়ে ব্যবহারিক প্রবিধান, আইন শৃঙ্খলারক্ষাকারী এজেন্সিসমূহের মধ্যে এবং তাদের সুবিধার্থে সার্বিক রেকর্ড আদানপ্রদান করা, এগুলি হলো কিছু সাধারণ বুদ্ধির ব্যবস্থা যা দায়িত্বশীল বন্দুক মালিকানাকেও সমর্থন করবে এবং আমাদের নাগরিকদের অধিকাংশের দাবি করা উন্নত নিয়ন্ত্রণও প্রদান করবে। বন্দুক সহিংসতার সঙ্কট, যা অত্যন্ত দুঃখজনকভাবে 14 মে বাফেলোকে স্পর্শ করেছে, একটি বহুমুখী পন্থা দ্বারা সমাধান করা হবে যার মধ্যে থাকবে আগ্নেয়াস্ত্রের উপলভ্যতা কঠিন করা। কিন্তু আমি বিশ্বাস করি এই বছর নিউ ইয়র্ক স্টেটে পাশ করা বিধিমালাটি এমন সহিংসতার জন্য যথাযথ তাৎক্ষণিক সাড়াদান। আমাদের পূর্বসূরিরা আমাদের জন্য যেই স্বাধীনতা চেয়েছিলেন, সাধারণ নিরাপত্তা ও সুরক্ষা ছাড়া আমরা তা উপভোগ করতে পারবো না।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "আমরা সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কে অনেক বেশি ঘৃণা ও ভুল তথ্য ছড়াতে দেখেছি, এবং অনেক বেশি সময় সেই আক্রোশ অফলাইনে সহিংসতায় রূপ নেয় এবং ফলস্বরূপ গত মাসে বাফেলোতে সংঘটিত দুঃখজনক ঘটনার মতো ঘটনা ঘটতে পারে। প্রতিদিন শুধু ফেসবুকেই 4.75 বিলিয়ন পোস্ট করা হয় এবং 70 শতাংশের বেশি আমেরিকানের কোনও না কোনও সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট রয়েছে, তাই কীভাবে ঘৃণাপূর্ণ বিষয়বস্তু রিপোর্ট করতে ও এর জবাব দিতে হয় সে ব্যাপারে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির একটি স্পষ্ট, বোধগম্য পলিসি স্থাপন করা আমাদের জন্য প্রয়োজনীয়। বিধিমালাটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবং কোম্পানিগুলিকে একটি কড়া বার্তা পাঠায় যে: নিউ ইয়র্কবাসীকে অনলাইন ও অফলাইন উভয় ক্ষেত্রে বিপজ্জনক ঘৃণা বক্তব্য ও ভুল তথ্যের বিস্তার থেকে রক্ষা করতে তাদের বাস্তব পদক্ষেপ নিতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন জ্যাকবসন বলেন, "অনেক বেশি গুলিবর্ষণের ঘটনার মতো, বাফেলোর বন্দুকধারী একটি বুলেটপ্রুফ ভেস্ট পরে দোকানে গিয়েছে যাতে সে নিরীহ মানুষকে হত্যা করার সময় সে নিজে নিরাপদ থাকতে পারে। দোকানের অস্ত্রধারী নিরাপত্তাকর্মী তাকে গুলি করেছে, কিন্তু বন্দুকধারী অক্ষত থাকে এবং পাল্টা গুলি চালিয়ে নিরাপত্তাকর্মীকে হত্যা করে। এটি একটি অত্যন্ত আইন প্রয়োগবান্ধব বিল।আপনার পেশা যদি আপনাকে বন্দুক সহিংসতার বিশেষ ঝুঁকিতে না ফেলে, তাহলে আপনার একটি বুলেটপ্রুফ ভেস্টের কোনও প্রয়োজন নেই। বিলটি যারা অন্যদের ক্ষতি করার সময় নিজেদেরকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বা অন্যান্য নিরাপত্তা কর্মকর্তাদের হাত থেকে বাঁচাতে চায় তাদের হাত থেকে এগুলি দূরে রাখতে সাহায্য করবে।আমরা যদি অপরাধীদের গুলি করা বন্ধ করতে না পারি, তাহলে অন্তত তাদের সুরক্ষা কেড়ে নিতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য শ্যান্টেল জ্যাকসন বলেন, "বন্দুক সহিংসতার শিকারদের জন্য শুধু চিন্তা ও প্রার্থনা করার সময় শেষ হয়ে গেছে। গভর্নর এবং আইনসভা সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ করার জন্য সকল পদক্ষেপ গ্রহণে অঙ্গীকারবদ্ধ। আমি যেই বিলটি স্পন্সর করেছি তা অনুযায়ী একটি সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয় বা সাথে রাখার জন্য মানুষকে 21 বছর বয়সী এবং লাইসেন্সধারী হতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারেন ম্যাকম্যাহন বলেন, "পুরো দেশের সম্প্রদায়সমূহ এবং পশ্চিম নিউ ইয়র্ক এখনো অনর্থক ও ভয়াবহ বন্দুক সহিংসতার প্রভাবে রয়েছে। স্যান্ডি হুক হত্যাকাণ্ডের প্রায় এক দশক পরেও, আমরা অবিশ্বাস্যভাবে একই অবস্থানে রয়েছি, নিষ্ক্রিয়তার ফলাফল ভোগ করছি। তবে এখানে, নিউ ইয়র্ক স্টেটে, আমি গর্ব করতে পারছি যে আমার সহকর্মীরা ও আমি একটি অবস্থান গ্রহণ করেছি এবং বলেছি 'আর না'। একত্রে, আমরা বিলের একটি সিরিজ পাশ করেছি যা যুদ্ধের অস্ত্র ও বডি আর্মার ঠেকাবে, একটি অস্ত্র পাওয়ার ব্যাপারে লুপহোল বন্ধ করবে, অনলাইনে ঘৃণা অপরাধের সাথে লড়াই করবে এবং আরো অনেক কিছু করবে। গভর্নরের স্বাক্ষর নিয়ে, আমরা নিউ ইয়র্ক স্টেটের অনেক উন্নত বন্দুক নিরাপত্তা ও দায়িত্বের ক্ষেত্রে সঠিক দিকে এক ধাপ অগ্রসর হলাম।"

অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের কেন্দ্রীয় নীতি হলো এক্সেলসিয়র, "সর্বদা ঊর্ধ্বমুখী"। কোভিড-19 শুরু হওয়ার সময়, নিউ ইয়র্ক এই অজানা ভাইরাসের বিস্তার ঠেকাতে ব্যবস্থা ও সুরক্ষা পদক্ষেপে নেতৃত্ব দিয়েছে। আমরা দ্রুত পদক্ষেপ নিয়েছি এবং সামনে অগ্রসর হয়েছি এবং একইসাথে আমাদের পুরো স্টেটে জীবন রক্ষার জন্য যা করা সঠিক বলে আমরা বিশ্বাস করেছি, তাই করেছি। গণহত্যা এবং বন্দুক সহিংসতার বর্ধিত হারের বেলাতেও এর কোনও বিকল্প নেই, এটি আমাদের সম্প্রদায়কে কাবু করে রাখা আরেকটি প্রাণঘাতী ব্যাধি। একটি মহামারীর মতোই, আমাদেরকে অবশ্যই জননিরাপত্তা বৃদ্ধির জন্য পুনরুদ্ধারকারী সংশোধন বাস্তবায়নের মাধ্যমে আমাদের সম্প্রদায়ের সদস্যদের সুরক্ষা করতে হবে। আমাদেরকে আমাদের উদ্যোগসমূহকে বজায় রাখতে হবে এবং এমন নিয়ম ও নির্দেশনার জন্য চাপ দিতে হবে যা নিউ ইয়র্ক স্টেটের মানুষকে এমন আরো অনর্থক সহিংসতার হাত থেকে রক্ষা করতে পারে। একত্রে, আমাদেরকে অবশ্যই ঘৃণা ও কুসংস্কারের বিরুদ্ধে অবস্থান নিতে হবে, আমাদের বাসিন্দা ও পরিবারের জন্য সর্বদা ঊর্ধ্বমুখী থাকার চেষ্টা করতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন, "ঠিক যেভাবে আমরা অপ্রাপ্তবয়স্কদের কাছে অ্যালকোহল বিক্রি নিয়ন্ত্রণ করি, সেভাবে আমাদেরকে অপ্রাপ্তবয়স্কদের কাছে অটোম্যাটিক অস্ত্র বিক্রি নিয়ন্ত্রণ করতে হবে। গভর্নর হোকলের আইন হিসেবে স্বাক্ষর করা সার্বিক বন্দুক-বিল প্যাকেজটি এমন সাধারণ বুদ্ধির ব্যবস্থার প্রতিনিধিত্ব করে যা সকল আইন মেনে চলা বন্দুক মালিকদের সমর্থন করতে পারা উচিত, যার মধ্যে রয়েছে একটি লাইসেন্স আবশ্যক করার মাধ্যমে 21 বছরের কম বয়সীদের কাছে সেমিঅটোম্যাটিক রাইফেল বিক্রি নিষিদ্ধ করা, উপযুক্ত পেশায় নিযুক্ত না থাকা সকলের জন্য বডি আর্মার ক্রয় নিষিদ্ধ করা; এবং কারা চরম ঝুঁকির সুরক্ষা আদেশ জারি করতে পারবে তার তালিকা বৃদ্ধি করে রেড ফ্ল্যাগ আইনকে জোরদার করা গণ গুলিবর্ষণকারীরা সম্প্রতি স্টেটের আইনের লুপহোল ব্যবহার করে সম্প্রদায়সমূহকে বিপর্যস্ত করেছে এবং পরিবারকে ক্ষতবিক্ষত করেছে। এগুলি বন্ধ করার মাধ্যমে, নিউ ইয়র্ক এর বাসিন্দাদেরকে আমাদের গোটা দেশকে ধ্বংস করে চলেছে যে বন্দুক সহিংসতা, তার আঘাত থেকে রক্ষা করতে আরেকধাপ অগ্রসর হলো, সেই সময় যখন ফেডারেল পর্যায়ে পদক্ষেপ আটকে রয়েছে এবং রাজনৈতিক অচলাবস্থার শিকার হয়ে গেছে।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোসেনথাল বলেন, "বন্দুক সহিংসতা হলো আমাদের দেশে তরুণদের মৃত্যুর এক নম্বর কারণ। প্রতিরোধযোগ্য এত বেশি গণহত্যার সম্মুখীন হয়ে আমাদের নিষ্ক্রিয়তা একটি জাতীয় লজ্জা। চলমান ফেডারেল অসাড়তার সময়, নিউ ইয়র্ক আরেকবার বন্দুকের বিরুদ্ধে পদক্ষেপের নেতৃত্ব দিচ্ছে। মাইক্রোস্ট্যাম্পিং একটি অত্যাবশ্যকীয় হাতিয়ার যা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীদের অপরাধ সমাধানে সাহায্য করবে। নিউ ইয়র্ক সিটিতে বন্দুক অপরাধের ক্লিয়ারেন্স হার 30 শতাংশ, এবং মাইক্রোস্ট্যাম্পিং বিপজ্জনক অপরাধী ও তাদের বন্দুক সড়ক থেকে অপসারণ করতে সাহায্য করবে। সহিসংতার বিদ্বেষপূর্ণ চক্র শেষ করতে এটি সেরা উপায়গুলির একটি। আমি এই ব্যাপারে স্পিকার হিস্টির নেতৃত্বের জন্য তার প্রতি এবং এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য মনিকা ওয়ালেস বলেন, "বাফেলো ও ইউভাল্ডির বিধ্বংসী আক্রমণের পর, নিউ ইয়র্ক স্টেটের মানুষ অনর্থক বন্দুক সহিংসতা শেষ করতে পদক্ষেপ দাবি করেছে। আমরা তা প্রদান করেছি সাধারণ বুদ্ধির বন্দুক নিয়ন্ত্রণ আইন পাশ করার মাধ্যমে যা মানুষকে নিরাপদ

রাখবে ও জীবন রক্ষা করবে। আমি এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য এবং যেকোনও গণ গুলিবর্ষণের হুমকিকে অপরাধ হিসেবে গণ্য করা আমার বিধিমালাতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলোনকার্জ বলেন, "অনেক সংখ্যক আমেরিকান সাধারণ বুদ্ধির বন্দুক আইন সমর্থন করে যা আমাদের নাগরিকদের রক্ষা করবে, লুপহোল বন্ধ করবে, এবং আমাদের সম্প্রদায়ে গণ সহিসংতার অস্ত্র ব্যবহার হওয়ার প্রতিরোধ করবে। যেমনটি আমরা সবাই খুব ভালো করে জানি, বন্দুক সহিংসতা দ্বারা অনেক বেশি জীবন ধ্বংস হয়ে গেছে, পরিবার বিপর্যস্ত হয়েছে এবং ভুক্তভোগীরা, তাদের প্রিয়জন এবং সম্প্রদায় অনেক বেশি কষ্ট পেয়েছে, তাই এই সময় পার হতে দেওয়া যায় না। এই আইনটি একটি প্রধান অর্জন এবং আমেরিকার প্রতি একটি ঘোষণা যে নিউ ইয়র্ক স্টেট বন্দুক সহিংসতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ ও মনোযোগী। আমি গভর্নর হোকল এবং আমাদের স্টেট অ্যাসেম্বলি এবং সিনেট নেতৃবৃন্দকে তাদের দ্রুত পদক্ষেপের জন্য ধন্যবাদ জানাচ্ছি। সার্বিক বিধিমালার প্যাকেজটি আমাদেরকে জীবন রক্ষা করতে, আমাদের বাসিন্দাদের সুরক্ষা দিতে, এবং যাদের হাতে বন্দুক থাকা উচিত না তাদের থেকে বন্দুক নিয়ে নিতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "বন্দুক সহিংসতার সাগরের কোনও সূচনাবিন্দু নেই, কিন্তু এই 10টি আইন সাগরের দিকে ধাবিত হওয়া কিছু নদীতে বাঁধ হিসেবে কাজ করবে। প্রতিরোধ ও হস্তক্ষেপ উভয় ক্ষেত্রে আমাদের বিনিয়োগের সাথে অংশীদারিত্বে কাজ করে, এই আইনের সেটটি গত দুই মাসে নিউ ইয়র্ক সিটিতে আমরা যেই গুলিবর্ষণের ঘটনা দেখেছি তা হ্রাস করা অব্যাহত রাখবে বলে আমি আত্মবিশ্বাসী। এর পূর্বে আইনসভায় আমি এমন অনেক প্রচেষ্টাকে সমর্থন করেছি ও পক্ষে লড়াই করেছি, যার মধ্যে মাইক্রোস্ট্যাম্পিং রয়েছে, এবং আমি খুশি যে আজকে আমরা নিউ ইয়র্ক সিটিকে পরবর্তী বাফেলো, ইউভাল্ডি, অরল্যান্ডো, কলাম্বাইন বা স্যান্ডি হুক হওয়া থেকে প্রতিরোধ করতে পদক্ষেপ নিচ্ছি। জীবন রক্ষার্থে জরুরি পদক্ষেপ গ্রহণের জন্য আমি গভর্নর হোকল এবং আমাদের আইনসভার নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "আজকের দিনে, নিউ ইয়র্ক স্টেট অর্থপূর্ণ বন্দুক সংশোধনের দিকে পদক্ষেপ গ্রহণ করেছে যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসী একজন গণ গুলীবর্ষক যুদ্ধের জন্য প্রস্তুত একটি অস্ত্র ব্যবহার করতে পারে সেই দুশ্চিন্তা না করেই দোকানে, স্কুলে, উপাসনালয়ে যেতে নিরাপদ বোধ করতে পারে। বাফেলো ও দেশজুড়ে গণ গুলিবর্ষণের শিকার ব্যক্তিদের প্রাণ নিরর্থক হতে পারে না। আমরা আমাদের কথা বলে যাবো এবং ফেডারেল সরকারকে তাগিদ দিবো যাতে তারা নিউ ইয়র্কের প্রদর্শিত পথ অনুসরণ করে যাতে করে বাফেলো, ইউভাল্ডি, ফিলাডেলফিয়া এবং আমাদের দেশের আরো অনেক স্থানের মতো আরো কোনও সম্প্রদায়কে এই কষ্ট ও ক্ষতি সহ্য করতে না হয়।"

নায়াগ্রা ফলসের মেয়র রবার্ট রেস্টাইনো বলেন, "আমাদের নাগরিকদের বন্দুক সহিংসতার বিরুদ্ধে রক্ষা করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট বার বার দেশের নেতার ভূমিকা পালন করে। আরেকবার, আমরা পথ প্রদর্শন করছি। গভর্নর হোকল আজকে যেই নতুন আইনগুলি স্বাক্ষর করলেন তার মনোযোগ হলো আমাদের প্রতিবেশীদের নিরাপদ রাখা। এর মনোযোগ হলো স্কুলে

শিশুদের নিরাপদ রাখা। এগুলি নাগরিকদের জীবনযাত্রার মাণকে রাজনীতির ঊর্ধ্বে রাখে। এগুলি যেই ভয়াবহ ঘটনা শুধু পশ্চিম নিউ ইয়র্ক সম্প্রদায়কে নয়, বরং পুরো দেশকে আক্রান্ত করছে তার সাথে লড়াইয়ের জন্য যথাযথ পদক্ষেপ। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এবং আমাদের বর্তমান বন্দুক আইনের লুপহোল বন্ধ করতে তার নিবেদনকে সমর্থন করছি। নতুন ব্যবস্থাগুলি দৈনন্দিন জীবনযাপনের চেষ্টায় থাকা মানুষকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে, মুদি দোকানে কেনাকাটা বা গির্জায় প্রার্থনা করা সকল সময়ে। নতুন এই আইনগুলিতে স্বাক্ষর করার সময় গভর্নর হোকল মানুষকে অগ্রাধিকার দিয়েছেন।"

ম্যানহাটনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি আলভিন ব্র্যাগ বলেন, "আমাদের স্টেটে বন্দুক সহিংসতার সাথে লড়াই করতে সকলের একত্রে কাজ করতে হবে, এবং এই ব্যবস্থাগুলি আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখার একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপের প্রতিনিধিত্ব করে। আমি গভর্নর হোকল, স্পিকার হিস্টি এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিনসের প্রশংসা করছি এই মুহূর্তের গুরুত্ব উপলব্ধি করে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য। আমার অফিস সম্প্রদায়ের নেতৃবৃন্দ, আইনপ্রণেতা এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ অব্যাহত রাখবে, আমাদের সড়ক থেকে বন্দুক অপসারণ ও সহিংসতা চালনাকারীদের দায়ী করার জন্য।"

ব্রঙ্কস ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ডারসেল ডি. ক্লার্ক বলেন, "গণ গুলিবর্ষণে গণহত্যা ও আমাদের সম্প্রদায়সমূহকে আক্রান্ত করে রাখা প্রতিদিনের বন্দুক সহিংসতা ঠেকাতে আমরা যা করতে পারি, আমাদেরকে তা এখনই করতে হবে। আমি স্টেট পর্যায়ে ব্যবস্থা গ্রহণের জন্য গভর্নর হোকল, স্পিকার হিস্টি এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সের প্রশংসা করছি এবং আশা করছি যে কংগ্রেসও ব্যবস্থা গ্রহণ করবে।"

কুইন্সের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটজ বলেন, "বন্দুক সহিংসতা একটি ব্যাধি যা আমাদের দেশের সকল অংশকে প্রভাবিত করেছে। নিউ ইয়র্ক স্টেট, বরাবরের মতোই সত্যিকারের পরিবর্তন কার্যকর করে এমন বিধিমালার ব্যাপারে নেতৃত্বদান করছে। আমি গভর্নর ক্যাথি হোকল ও স্টেটের আইনপ্রণেতাদের সাথে যোগ দিতে পেরে গর্বিত, যারা একত্রিত হয়ে বন্দুক নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করতে আমাদের দেশের জন্য একটি অগ্রগামী পথ তৈরি করেছে। আমরা আগ্নেয়াস্ত্রের উপলভ্যতা যত সীমাবদ্ধ করবো, তত জীবন বাঁচানো যাবে। আমি গভর্নর এবং আইনসভাকে তাদের পদক্ষেপের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

স্ট্যাটেন আইল্যান্ডের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মাইকেল ই. ম্যাকম্যাহন বলেন, "যখন আমাদের দেশ একাধিক গণ গুলিবর্ষণের ঘটনায় শোক প্রকাশ করছে, এবং যখন আমরা আমাদের সিটির সড়কে, বিশেষ করে আমাদের তরুণদের হাতে অবৈধ বন্দুকের বন্যা দ্বারা সৃষ্ট সহিংস বিপর্যয়ের উত্থান দেখছি, তখন বন্দুক আইন জোরদার করা এবং ভবিষ্যতে এধরনের দুঃখজনক ঘটনা প্রতিরোধ করার লড়াই অন্য যেকোনও সময়ের তুলনায় বেশি জরুরি। স্টেটের আইনসভায় পাশ করা এবং আজকে গভর্নর হোকল কর্তৃক আইন হিসেবে স্বাক্ষর করা সার্বিক এই বিলের প্যাকেজটি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে সহায়তা করা এবং আগ্নেয়াস্ত্র যাতে ভুল মানুষের হাতে না পৌঁছায় তা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। স্ট্যাটেন আইল্যান্ডের ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে, আমার প্রসিকিউটররা অবৈধ

আগ্নেয়াস্ত্র ধারণকারী ও ব্যবহারকারীদের দায়বদ্ধ করতে এবং এইসব সহিংস অপরাধের ভুক্তভোগীদের ন্যায়বিচার প্রদান করতে সোৎসাহে কাজ করে যাবে। একই সময়ে, বন্দুক সহিংসতার জাতীয় সমস্যাটির প্রতি তাৎক্ষণিক মনোযোগ প্রয়োজন, এবং আমি ফেডারেল পর্যায়ে আমাদের নেতৃবৃন্দকে তাগিদ দিচ্ছি সাম্প্রতিক সময়ে ইউভাল্ডি, বাফেলো এবং অন্য অনেক গণ গুলিবর্ষণের ঘটনায় আমরা যে অর্থহীন হত্যা ঠেকাতে সাহায্য করতে একই ধরনের ব্যবস্থা নেওয়ার জন্য। নিউ ইয়র্কবাসীদের এবং সকল আমেরিকানদের এই বন্দুক সহিংসতার আঘাত থেকে সুরক্ষিত করাকে অবশ্যই পুরো সরকারের নেতৃবৃন্দের শীর্ষ অগ্রাধিকার হতে হবে। স্ট্যাটেন আইল্যান্ডে, আমার অফিস আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী থেকে শুরু করে নির্বাচিত নেতৃবৃন্দ, সহিংসতা বিরোধী গোষ্ঠী, এবং স্বাস্থ্যসেবা সম্প্রদায়ের অসংখ্য অংশীদারের সাথে কাজ করে যাবে, যাতে আরো নিরাপদ সম্প্রদায়ের প্রচার করা যায়, মানসিক স্বাস্থ্যের আরো সংস্থান প্রদান করা যায়, এবং জোরালো সূক্ষ্ম পলিসি ও প্রসিকিউশন দ্বারা আমাদের সড়কে বন্দুক সহিংসতার বিস্তার প্রতিরোধে কাজ করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্সের (New York State United Teachers) প্রেসিডেন্ট অ্যান্ডি প্যালোটা বলেন, "বাফেলো ও ইউভাল্ডির ভয়াবহ ঘটনার পর নিউ ইয়র্কের শিক্ষা সম্প্রদায়ের বেদনা তীব্র। কিন্তু যা আশা জাগাচ্ছে তা হলো পলিসি সরিয়ে রাখতে এবং বন্দুক সহিংসতার আঘাত এবং এই দেশকে মহামারীগ্রস্ত করে রাখা গণ গুলিবর্ষণের সমাধানে সাহায্য করতে সাধারণ বুদ্ধির ব্যবস্থা প্রণয়নে নিউ ইয়র্কের নেতৃবৃন্দের ইচ্ছা। আমরা গভর্নর হোকল এবং আইনসভাকে ধন্যবাদ জানাচ্ছি পরিবর্তনের আহ্বানসমূহ শোনার জন্য এবং আমরা আমাদের সম্প্রদায়সমূহকে সেরে উঠতে সাহায্য করার জন্য তাদের সাথে কাজ করে যাবো।"

ইউনাইটেড ফেডারেশন অফ টিচার্সের (United Federation of Teachers) প্রেসিডেন্ট মাইকেল মালগ্রিউ বলেন, "আমরা সাধারণ বুদ্ধির বন্দুক নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহকে সমর্থন করি যাতে আমাদের সন্তান, স্কুল, সড়ক এবং সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখা যায়। আমাদের শিক্ষার্থীদের দাবি যে আমরা পদক্ষেপ নেই।"

জিফোর্ডস ল সেন্টারের (Giffords Law Center) ডেপুটি প্রধান কাউন্সেল ডেভিড পুচিনো বলেন, "আজকে আইন হিসেবে স্বাক্ষর করা বিলগুলি নিউ ইয়র্কবাসীকে আরো নিরাপদ রাখবে। তারা আইনের শূন্যস্থান পূরণ করে, বন্দুক অপরাধ সমাধানে সাহায্য করতে নতুন উদ্ভাবন উপস্থাপন করে এবং বন্দুক নিরাপত্তা জোরদার করে। কোনও একক পলিসি গুলির ঘটনা বন্ধ করবে না, কিন্তু এই বিলগুলি আমাদের সম্প্রদায়সমূহকে বন্দুক সহিংসতা থেকে রক্ষা করার দিকে অতি গুরুত্বপূর্ণ অগ্রগতির প্রতিনিধিত্ব করে। আমরা গভর্নর হোকলকে অবর্ণনীয় দুঃখজনক ঘটনার পরবর্তীতে তার সাহসী নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি। তার প্রচেষ্টা, এবং অ্যালবানির নেতৃবৃন্দের প্রচেষ্টা, বন্দুক সহিংসতা প্রতিরোধের নিউ ইয়র্ক যে শীর্ষে আছে তার প্রমাণ।"

নিউ ইয়র্কার্স এগেইনস্ট গান ভায়োলেন্সের নির্বাহী পরিচালক রেবেকা ফিশার বলেন, "ক্রমবর্ধমান বন্দুক সহিংসতার সঙ্কটের সম্মুখীন হয়ে, গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভা একটি দৃঢ়, জীবনরক্ষাকারী বন্দুক সহিংসতা প্রতিরোধ বিলের প্যাকেজ পাশ করে এই

সপ্তাহে আরেকবার নিউ ইয়র্কবাসীদের সুরক্ষাকে অগ্রাধিকার প্রদান করেছে। এই ব্যবস্থাগুলি সঙ্কটে থাকা মানুষ থেকে বন্দুক দূরে রাখতে সাহায্য করবে যাতে গণ গুলিবর্ষণের ঘটনা, আত্মহত্যা, এবং অন্যান্য বন্দুক সহিংসতা ঠেকানো যায়, এর ফলে এই স্টেটের যেকোনও স্থানে একটি সেমিঅটোম্যাটিক রাইফেল ক্রয় বা নিজের কাছে রাখার জন্য লাইসেন্স আবশ্যক হবে, এবং এটি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে বন্দুক পাচার বন্ধ করতে এবং দুর্বৃত্ত বন্দুক ডিলারদের দায়ী করতে নতুন ট্রেসিং টুল প্রদান করবে। নিউ ইয়র্কবাসী ও আমেরিকান হিসেবে, আমাদের এলাকায়, বা বাড়িতে, আমাদের সাবওয়েতে, আমাদের সুপারমার্কেটে, আমাদের স্কুলে, আমাদের উপাসনালয়ে, বা অন্য কোনও স্থানেই দৈনন্দিন ভিত্তিতে বন্দুক সহিংসতার ব্যাপারে ভয় পাওয়া উচিত না। যখন কংগ্রেস অর্থপূর্ণ বন্দুক সংশোধন নিয়ে বিলম্ব করে যাচ্ছে, তখন আমরা কৃতজ্ঞ যে বন্দুক সহিংসতা প্রতিরোধের পক্ষে কাজ করা দুর্দান্ত সব নেতা আমাদের স্টেট সরকারের নেতৃত্ব দিচ্ছে। এইসব বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং আমাদের সন্তান ও সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

ইয়ুথ ওভার গানসের (Youth Over Guns) সহপ্রতিষ্ঠাতা এবং নির্বাহী পরিচালক লুইস হার্নান্দেজ বলেন, "যখন আমাদের সম্প্রদায়সমূহ বিষাদ ও দুঃখের সম্মুখীন হচ্ছে, তখন আমাদেরকে অবশ্যই আশঙ্কাজনক বন্দুক সহিংসতার মহামারীর সমাধান খুঁজে বের করতে হবে। আজকে নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি ঐতিহাসিক দিন যখন আমরা বলিষ্ঠ, এবং সাধারণ বুদ্ধির উপর ভিত্তি করে নেওয়া পলিসি দিয়ে দেশের নেতৃত্ব দিয়ে যাচ্ছি। ইয়ুথ ওভার গানস গভর্নর ক্যাথি হোকলের সাথে দাঁড়িয়ে পুরো স্টেটের তরুণদের সুস্থতা ও নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করে যেতে পেরে গর্বিত। এটি বিশাল একটি অগ্রগামী ধাপ, এবং নির্দেশনা পেতে নিউ ইয়র্কের দিকে তাকানোর জন্য আমরা আমাদের ফেডারেল প্রতিনিধিদের আমন্ত্রণ জানাচ্ছি। আজকে এবং সর্বদা, আমরা এই গণহত্যার শেষের আহ্বান করছি, শুধু এই কারণে যে আমাদের বেড়ে উঠার অধিকার রয়েছে।"

ব্র্যাডির প্রেসিডেন্ট ক্রিস ব্রাউন বলেন, "এটি নিউ ইয়র্কের জন্য একটি ঐতিহাসিক দিন এবং সাধারণ বুদ্ধি ও সাহসী বন্দুক সহিংসতা প্রতিরোধ আইন প্রণয়নের ক্ষেত্রে স্টেটটি যে দেশকে নেতৃত্ব দিচ্ছে তার সর্বশেষ উদাহরণ। গভর্নর হোকল বন্দুক সহিংসতা প্রতিরোধের পক্ষে কাজ করছেন এবং এখানে তিনি বাফেলোর দুঃখজনক গুলিবর্ষণের ঘটনার পরবর্তীতে সিদ্ধান্তমূলকভাবে প্রতিক্রিয়া বয়কট করেছেন এবং এমন জীবন রক্ষাকারী পলিসি প্রদান করেছেন যে ব্যাপারে নিউ ইয়র্কবাসীরা ধারাবাহিকভাবে একমত হয়েছে। তার নেতৃত্ব দেশের জন্য একটি উদাহরণ, এবং আমরা আইনসভা, গভর্নর হোকল, এবং এইসব পলিসি সমর্থনকারী এবং এদের আইনে পরিণত হওয়া নিশ্চিত করা অনেক স্থানীয় ও তৃণমূল পর্যায়ের অ্যাডভোকেটদের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন